

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠান খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তরের ১৬(ষোল) বছর পূর্তি উপলক্ষে আগামী ০১/০৯/২০১৯ইং তারিখ রোজ রবিবার “বিশ্ববিদ্যালয় দিবস-২০১৯” উদযাপন করা হবে। উক্ত বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন অনুষ্ঠানে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

এ প্রেক্ষিতে আগামী ০১/০৯/২০১৯ইং তারিখ রোজ রবিবার বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত অনুষ্ঠানমালায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাসসমূহ স্থগিত থাকবে তবে দর্শনার্থীদের জন্য বেলা ৩:০০ ঘটিকা থেকে সকল বিভাগের ল্যাবসমূহ খোলা থাকবে। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

তারিখ ও সময়	অনুষ্ঠানসূচী
১লা সেপ্টেম্বর ২০১৯ সকাল ৯:৩০	প্রশাসনিক ভবনের সামনে প্রীতি সমাবেশ।
সকাল ৯:৪৫	পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্বোধন।
সকাল ১০:০৫	আনন্দ শোভাযাত্রা।
সকাল ১০:৩৫	বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনীর উদ্বোধন। স্থানঃ রুম নং- ২০১, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।
সকাল ১০:৪৫	কুয়েটের অর্জনঃ অতীত, বর্তমান ও ভবিষ্যত- প্রজেক্টেশন স্থানঃ রুম নং- ২০১, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।
সকাল ১১:১০	আলোচনা সভা। স্থানঃ রুম নং- ২০১, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।
দুপুর ১২:৪৫	বৃক্ষ রোপন।
দুপুর ১৩:০০	বিরতি
বিকাল ১৫:০০	দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ
বিকাল ১৬:০০	প্রীতি ফুটবল ম্যাচ (শিক্ষক বানাম ছাত্র)
বিকাল ১৭:১৫ (বাদ আছর)	দোয়া মাহফিল। স্থানঃ কেন্দ্রীয় জামে মসজিদ।
সন্ধ্যা ১৮:০০	সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানঃ স্টুডেন্ট'স ওয়েলফেয়ার সেন্টার।


ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

  
(জি.এম. শহিদুল আলম)  
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৭০২/৫০ তারিখ : ২২/০৮/১৯

- অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :
- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
  - ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর ইনস্টিটিউটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ।
  - ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে প্রচার এবং ০১/০৯/২০১৯ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকা হতে স্ব-স্ব বিভাগের ল্যাবসমূহ দর্শনার্থীদের পরিদর্শনের জন্য খোলা রাখার অনুরোধসহ।
  - ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
  - ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
  - ৬। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয়।
  - ৭। চেয়ারম্যান, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
  - ৮। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর শাখায় সকল কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে প্রচারের অনুরোধসহ।
  - ৯। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ।
  - ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
  - ১১। অফিস কপি।

  
(মোঃ আশ্রুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার